

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৫১

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক ঋণগ্রস্থ ব্যক্তির জানাযার সালাত আদায় না করার বিষয়টি ইসলামের প্রথম যুগে ছিল

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ تَرْكَ صَلَاةِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى مَنْ مات وعليه دين كان فِي أَوْلِ الْإِسْلَام

আরবী

3051 ـ أَخْبَرَنَا عَلِيُّ بْنُ الْحَسَنِ بْنِ سَلْمٍ الْأَصْبَهَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عِصَامِ بْنِ عَبْدِ يَزِيدَ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ جَعْفَلُ بْنُ مُحَمَّدٍ عَنْ أَبِيهِ عَنْ جَابِرٍ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا ذَكَرَ السَّاعَةَ احمرَّتْ وَجْنَتَاهُ واشْتَدَّ غَضَبُهُ وَعَلَا صَوْتُهُ كَأَنَّهُ مُنْذِرُ جَيْشٍ قَالَ: صَبُبِّحْتُمْ مُسِيتُمْ قَالَ: وَكَانَ يَقُولُ: (أَنَا أَوْلَى بِالْمُؤْمِنِينَ مِنْ أَنْفُسِهِمْ وَمَنْ تَرَكَ مَالًا فَلِأَهْلِهِ وَمَنْ تَرَكَ دَيْنًا أَوْ ضياعاً فعليَّ وإليَّ فأنا أُولَى بالمؤمنين)

الراوي: جَابِر ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3051 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) ((الجنائز)) (29 ـ 30).

বাংলা

৩০৫১. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কিয়ামতের আলোচনা করতেন, তখন তাঁর দুই গাল লাল হয়ে যেতো, তাঁর ক্রোধ প্রকট হয়ে যেতো, তাঁর আওয়াজ বুলন্দ হতো, যেন সৈন্যদের সতর্ক করে বলছেন, "তোমরা ভোরে হামলার শিকার হবে, তোমরা সন্ধায় হামলার শিকার হবে।" তিনি বলতেন, "আমি মুমিনদের জন্য তাদের নিজেদের চেয়েও বেশি নিকটবর্তী। যে ব্যক্তি কোন সম্পদ রেখে (মারা) যায়, সেটা তার পরিবারের জন্য। আর যে ব্যক্তি কোন ঋণ বা ছোট সন্তানাদি রেখে (মারা) যায়, তবে তা পরিশোধ করা এবং তাদের ভরণপোষন আমার দায়িত্ব। কেননা আমি



মুমিনদের জন্য তাদের নিজেদের চেয়েও বেশি নিকটবর্তী।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩৩৭-৩৩৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৫২৬২; সহীহ মুসলিম: ৮৬৭; নাসাঈ: ৩/১৮৮; সুনান বাইহাকী: ৬/৩৫১; ইবনু মাজাহ: ৪৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ২৯-৩০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন